124

আজকের কাগজ

তারিখ 04 MAR 1994
পৃষ্ঠা ৬ কলাম ২

# শিক্ষকের অভাবে বন্ধ হয়ে যাওয়া বান্দরবানের ১২টি বিদ্যালয় ৬ মাসেও চালু হয়নি

মিছিল, সমাবেশ, স্মারকলিপি পেশ এবং সংবাদপত্রে বহু লেখালেখি হয়েছে। কিন্তু ১২টি প্রাথমিক বিদ্যালয়ের কিছুই হলো না। বান্দরবান জেলার রুমা ও থানচি থানায় শিক্ষকের অভাবে বন্ধ হয়ে যাওয়া ১২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় পুনরায় চালু করার ব্যাপারে কোনো মহল থেকে আদৌ তেমন কোনো উদ্যোগ নেয়া হয়নি। গত '৯৩ সালের আগস্ট মাসে জেলা প্রাথমিক শিক্ষা বিভাগ বিদ্যালয়গুলো বন্ধ ঘোষণা করে। বিদ্যালয়গুলো বন্ধের সুস্পষ্ট কোনো কারণও জেলা প্রাথমিক শিক্ষা বিভাগ দেখাতে পারেনি। বিদ্যালয়গুলো বন্ধ হয়ে যাওয়াতে প্রায় আড়াই হাজার উপজাতীয় ছাত্র/ছাত্রির ভবিষ্যত অনিশ্চিত হয়ে পড়েছে। এদিকে অপর এক তথ্যে জানা গেছে, জেলার ৫৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কেবল একজন করে শিক্ষক নিয়োজিত রয়েছেন। এসব কারণে অভিভাবক মহলে চাপা ক্ষোভ বিরাজ করছে। বান্দরবান থেকে সাদেক হোসেন চৌধুরী।